



জানুয়ারী-মার্চ ২০২৩ সংখ্যা

এনডব্লিউপিজিসিএল বার্তা

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ এর একটি ত্রৈমাসিক প্রকাশনা



অগ্নিকরা মার্চ: বাঙালির দৃপ্ত অহংকার



নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ

আইএসও ৯০০১: ২০১৫, আইএসও ১৪০০১: ২০১৫ এবং আইএসও ৪৫০০১: ২০১৮ সনদপ্রাপ্ত

(বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান)

উপদেষ্টামন্ডলী

মোঃ মাসুদুল ইসলাম

নির্বাহী পরিচালক (অর্থ), এনডব্লিউপিজিসিএল

প্রকৌঃ মোঃ আব্দুস সামাদ

নির্বাহী পরিচালক (প্রকৌশল), এনডব্লিউপিজিসিএল

প্রকৌঃ মোঃ হাবিবুল হক

নির্বাহী পরিচালক (পিএন্ডডি), এনডব্লিউপিজিসিএল

মোঃ মামুনুর রহমান মন্ডল

মহাব্যবস্থাপক (মানবসম্পদ ও প্রশাসন), এনডব্লিউপিজিসিএল

প্রকাশক

কোম্পানি সচিবালয়, এনডব্লিউপিজিসিএল

সম্পাদক

মোঃ এনামুল হক

কোম্পানি সচিব (ভারপ্রাপ্ত), এনডব্লিউপিজিসিএল

সমন্বয়ক

প্রকৌঃ মুহাম্মদ সাইফুদ্দীন আহসান

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএন্ডডি), এনডব্লিউপিজিসিএল

সহকারী সম্পাদক

আখতার মাহমুদ

সহকারী ব্যবস্থাপক (জনসংযোগ), এনডব্লিউপিজিসিএল



নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন

কোম্পানি লিমিটেড (এনডব্লিউপিজিসিএল)

(বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান)

ইউটিসি ভবন (৪র্থ তলা), ৮ পাশুপথ,

কাওরান বাজার, ঢাকা-১২১৫

ফোন: ৪৮১২২১৮২, ৪৮১২২১১৮, ৯১৪২০৬২

ওয়েবসাইট: www.nwpgcl.gov.bd

ফেইসবুক পেইজ:

https://www.facebook.com/NWPGCL/

এনডব্লিউপিজিসিএল বার্তা

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ এর একটি ত্রৈমাসিক প্রকাশনা
জানুয়ারী-মার্চ ২০২৩ সংখ্যা

সম্পাদকীয়

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড এর বার্ষিক কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অনুযায়ী নিয়মিতভাবে বিভিন্ন প্রকাশনা তথ্য বাতায়নে প্রকাশের নির্দেশনা রয়েছে। এ প্রেক্ষিতে কোম্পানির কর্মকান্ড, সাফল্য, নতুন উদ্যোগ এবং বিভিন্ন অনুষ্ঠানের সংবাদ সম্বলিত একটি ত্রৈমাসিক প্রকাশনা ‘এনডব্লিউপিজিসিএল বার্তা’ এর ২০২২-২০২৩ অর্থবছরের ৩য় সংখ্যা প্রকাশিত হতে যাচ্ছে। এটি কোম্পানির অন্যতম মুখপত্র হিসেবে কোম্পানির সার্বিক চিত্র সকলের নিকট তুলে ধরবে।

বিদ্যুৎ দেশের অর্থনৈতিক উন্নতির মূল চালিকাশক্তি। জিডিপি-এর প্রবৃদ্ধি এবং দেশের ক্রমবর্ধমান অর্থনীতিকে গতিশীল রাখতে টেকসই, নির্ভরযোগ্য এবং শাস্ত্রীয় বিদ্যুৎ সরবরাহের প্রয়োজন। বাংলাদেশ সরকার দেশের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণে মিশ্র জ্বালানি (গ্যাস, কয়লা, তরল জ্বালানি, পারমাণবিক শক্তি, নবায়নযোগ্য জ্বালানি) ব্যবহারের মাধ্যমে বিদ্যুৎ খাতের উন্নয়নের লক্ষ্যে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি কর্মসূচী গ্রহণ করেছে। সরকারের পাওয়ার সিস্টেম মাস্টার প্ল্যান-২০১৬ অনুযায়ী ২০৩০ সালের মধ্যে ৪০,০০০ মেগাওয়াট এবং ২০৪১ সালের মধ্যে ৬০,০০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের পরিকল্পনা রয়েছে। এছাড়া, পরিবেশ সংরক্ষণের নিমিত্ত নবায়নযোগ্য জ্বালানি ব্যবহারের গুরুত্ব বিবেচনায় ২০৪১ সালের মধ্যে নবায়নযোগ্য জ্বালানি ব্যবহার করে মোট উৎপাদনের ১০% বিদ্যুৎ উৎপাদনের পরিকল্পনা সরকারের রয়েছে। সরকারের এ সকল লক্ষ্য অর্জনে অংশীজন হিসেবে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (এনডব্লিউপিজিসিএল) নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

সাম্প্রতিককালে ইউরোপে চলমান যুদ্ধ বর্তমান বিশ্ব অর্থনীতির জন্য এক বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। যুদ্ধের প্রভাবে বৈশ্বিক বাজারে জ্বালানি সংকট বাংলাদেশকেও প্রভাবিত করেছে। তবে আশার সংবাদ হচ্ছে, জ্বালানি সংকট মোকাবেলায় বাংলাদেশ সরকার নানান বাস্তবমুখী উদ্যোগ নিয়েছে যা প্রশংসনীয়। সর্বাবস্থায় নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ সরকারের সহযোগী হিসেবে কাজ করে চলছে। এ কারণে জ্বালানি সংকট সত্ত্বে নানামুখী পরিকল্পনার মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন অব্যাহত রেখেছে অত্র কোম্পানি। ‘এনডব্লিউপিজিসিএল বার্তা’ নিয়মিতভাবেই কোম্পানির কর্মকান্ড ও অগ্রগতির চিত্র জনগণের সামনে তুলে ধরবে। অগ্নিবরা মার্চে এনডব্লিউপিজিসিএল বার্তা এর ২০২২-২০২৩ অর্থবছরের ৩য় সংখ্যা প্রকাশের সুযোগ পেয়ে আমরা আনন্দিত ও গর্বিত। সকলকে শুভেচ্ছা।

সম্পাদক

মোঃ এনামুল হক

কোম্পানি সচিব (ভারপ্রাপ্ত), এনডব্লিউপিজিসিএল

স্বাগত বক্তব্য



প্রকৌঃ এ. এম. খোরশেদুল আলম, কোম্পানির প্রধান নির্বাহী কর্মকর্তা, এনডব্লিউপিজিসিএল

অগ্নিবরা এ মার্চে আমি গভীর শ্রদ্ধাভরে স্মরণ করছি সর্বকালের শ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, ১৯৭৫ সালের ১৫ আগস্ট শাহাদাত বরণকারী বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবসহ তাঁর পরিবারের সকল শহীদদের এবং ১৯৭১ সালের বীর মুক্তিযোদ্ধাদের।

মার্চ মাস বাঙালির অহংকারের মাস। এ মাসটি বাঙালির নিকট নানাদিক দিয়েই গুরুত্বপূর্ণ কেননা এ মাসের ১৭ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জন্মগ্রহণ করেছেন। এছাড়া, ১৯৭১ এর ৭ই মার্চ জাতির পিতা এ দেশকে পাকিস্তানি হানাদার বাহিনীর কবল থেকে মুক্ত করার জন্য তার অমর ভাষণটি দেন। এ ভাষণই বাঙালির পরবর্তী কর্মপরিকল্পনা নির্ধারণ করে দেয়। এরূপ চিন্তাশীল ও হৃদয়গ্রাহী ভাষণ পৃথিবীর ইতিহাসে দুর্লভ। ২৫শে মার্চের কালরাত্রিতে পাকিস্তানি হানাদার বাহিনী এদেশের নিরীহ মানুষের ওপর ঝাঁপিয়ে পড়লে ২৬শে মার্চ তারিখে রাত্রির প্রথম প্রহরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অবশেষে স্বাধীনতার ঘোষণা দেন। এ ধারাবাহিকতায় দীর্ঘ নয় মাসের রক্তক্ষয়ী যুদ্ধে বাংলাদেশ স্বাধীনতা অর্জন করে।

আমি অত্যন্ত আনন্দিত যে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ কর্তৃক ২০২২-২৩ অর্থ বছরে ‘এনডব্লিউপিজিসিএল বার্তা’ এর ৩য় সংখ্যা কোম্পানির ওয়েবসাইটে প্রকাশিত হতে যাচ্ছে। উক্ত প্রকাশনায় কোম্পানির হালনাগাদ কারিগরি এবং অ-কারিগরি তথ্য তুলে ধরা হয়েছে। নিয়মিত কার্যক্রমের পাশাপাশি কোম্পানির অর্জন এবং সাফল্যের চিত্রও জনগণের সুবিধার্থে প্রকাশ করা হয়েছে। ‘এনডব্লিউপিজিসিএল বার্তা’র মাধ্যমে কোম্পানির সকল স্তরের কর্মকর্তা-কর্মচারিগণসহ বিভিন্ন অংশীজন অবাধ তথ্য গ্রহণের মাধ্যমে উপকৃত হবেন। এ ধরনের কার্যক্রমের ফলে একদিকে যেমন জ্ঞানের ভান্ডার সমৃদ্ধ হবে অন্যদিকে জনগণের নিকট কোম্পানির ভাবমূর্তি উজ্জ্বল হবে। এছাড়া, এ প্রকাশনার ফলে বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন দপ্তর অত্র কোম্পানি সম্পর্কে সহজেই প্রয়োজনীয় তথ্য পাবে বলে আশা করি।

পরিশেষে, আমি ‘এনডব্লিউপিজিসিএল বার্তা’ এর অব্যাহত অগ্রযাত্রা ও সফলতা কামনা করছি এবং এর সাথে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করছি।

সূচীপত্র

কোম্পানি সংক্রান্ত তথ্য

কোম্পানি পরিচিতি ৬

এক নজরে কোম্পানির কার্যক্রম ৭

জাতীয় দিবস উদযাপন

আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন ৯

অগ্নিবরা মার্চ: বাঙালির দৃষ্ট অহংকার

ঐতিহাসিক ৭ই মার্চ উদযাপন ১০

জাতির পিতার ১০৩-তম জন্মবার্ষিকী উদযাপন ১২

মহান স্বাধীনতা দিবস উদযাপন ১৪

বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন

এনডব্লিউপিজিসিএল এর সম্মানিত পরিচালনা পর্ষদের পায়রা বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন ১৫

বিদ্যুৎ কেন্দ্র সংক্রান্ত তথ্য

সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের (ইউনিট-১) গুরুত্বপূর্ণ সংরক্ষণ কাজের তথ্যাদি ও স্থিরচিত্র ১৬

খুলনা ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের গুরুত্বপূর্ণ সংরক্ষণ কাজের তথ্যাদি ও স্থিরচিত্র ১৯

ভেড়ামারা ৪১০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের গুরুত্বপূর্ণ সংরক্ষণ কাজের তথ্যাদি ও স্থিরচিত্র ২১

Major Inspection of Bheramara CCPP ২৬

কোম্পানির অন্যান্য সংবাদ

এনডব্লিউপিজিসিএল ও বিসিপিএল এর বার্ষিক বনভোজন ৩১

তথ্য অধিকার বিষয়ক কর্মশালা আয়োজন ৩৩

বিসিআরইসিএল এর পিপিএ ও আইএ স্বাক্ষর ৩৫

এমপ্লয়ী কর্ণার

পি সি মোঃ আবুল কালাম আজাদ এর কবিতা ৩৬

কোম্পানি পরিচিতি



দেশের উত্তর-পশ্চিমাঞ্চলের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণ এবং লো-ভোল্টেজ সমস্যা নিরসনকল্পে বিদ্যুৎ খাত সংস্কারের আওতায় কোম্পানি আইন, ১৯৯৪ অনুসারে গত ২৮-০৮-০৭ ইং তারিখে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান হিসেবে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (এনডব্লিউপিজিসিএল) গঠিত হয়। সিরাজগঞ্জ ১৫০ মেঃওঃ ও খুলনা ১৫০ মেঃওঃ পিকিং পাওয়ার প্লান্ট নির্মাণ প্রকল্প এবং ভেড়ামারা ৩৬০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র উন্নয়ন প্রকল্প নিয়ে কোম্পানি প্রাথমিকভাবে যাত্রা শুরু করে। কোম্পানি বিদ্যুৎ উৎপাদন আরম্ভ করে ০৩ নভেম্বর ২০১২ তারিখে। বর্তমানে ০৯ (নয়) টি বিদ্যুৎ কেন্দ্রের নেট উৎপাদন ক্ষমতা ৩০৬৩.১৩ মেঃওঃ। অল্প সময়ে কোম্পানির এরূপ আশাতীত সাফল্য সকল মহলেই প্রশংসিত হয়েছে।

বর্তমানে কোম্পানির বাস্তবায়নধীন প্রকল্প সমূহের নেট উৎপাদন ক্ষমতা ৩৫০৬.৫৫ মেঃওঃ এবং ভবিষ্যত প্রকল্প সমূহের সম্ভাব্য নেট উৎপাদন ক্ষমতা ২৯৩০.৩২ মেঃওঃ।

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ গঠিত হবার পর থেকেই বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প বাস্তবায়নে এবং বিদ্যুৎ কেন্দ্র পরিচালন ও সংরক্ষণে অনবদ্য ভূমিকা পালন করে আসছে। আশা করা যায়, ২০৩০ সালের মধ্যে কোম্পানি ৯,৫০০ মেঃওঃ এর উর্ধ্বে বিদ্যুৎ উৎপাদনে সক্ষম হবে। এছাড়া, কোম্পানিটি দ্রুততম সময়ে শক্তিশালী ব্রান্ড ইমেজসহ দেশের নেতৃত্বশীল বিদ্যুৎ উৎপাদনকারী সংস্থায় পরিগণিত হবে বলেই কোম্পানি আশা করে।

প্রতিষ্ঠানটির বর্তমান চেয়ারম্যান মোঃ হাবিবুর রহমান, সচিব, বিদ্যুৎ বিভাগ এবং কোম্পানির প্রধান নির্বাহী কর্মকর্তা প্রকৌশলী এ. এম খোরশেদুল আলম। তাঁদের দৃঢ় ও গতিশীল নেতৃত্বে কোম্পানি এগিয়ে চলছে।

এক নজরে কোম্পানির কার্যক্রম

বিদ্যুৎ কেন্দ্রসমূহ

ক্র. নং	বিদ্যুৎ কেন্দ্রের নাম	জ্বালানি	নেট উৎপাদন ক্ষমতা (মেঃওঃ)	বাণিজ্যিকভাবে বিদ্যুৎ উৎপাদনের তারিখ
১	সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কন্সাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (১ম ইউনিট)	প্রাকৃতিক গ্যাস/এইচএসডি	২১৪	সিম্পল সাইকেল: নভেম্বর ২০১২ কন্সাইন্ড সাইকেল: জুলাই ২০১৪
২	খুলনা ২২৫ মেঃওঃ কন্সাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র	প্রাকৃতিক গ্যাস/এইচএসডি	২৩০	সিম্পল সাইকেল: সেপ্টেম্বর ২০১৩ কন্সাইন্ড সাইকেল: জুন ২০১৬
৩	ভেড়ামারা ৪১০ মেঃওঃ কন্সাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র	প্রাকৃতিক গ্যাস/এইচএসডি	৪১০	সিম্পল সাইকেল: মে ২০১৭ কন্সাইন্ড সাইকেল: ডিসেম্বর ২০১৭
৪	সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কন্সাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (২য় ইউনিট)	প্রাকৃতিক গ্যাস/এইচএসডি	২২০	ফেব্রুয়ারী ২০১৮
৫	সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কন্সাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (৩য় ইউনিট)	প্রাকৃতিক গ্যাস/এইচএসডি	২২০	সিম্পল সাইকেল: আগস্ট ২০১৮ কন্সাইন্ড সাইকেল: জানুয়ারী ২০১৯
৬	মধুমতি ১০০ মেঃওঃ এইএফও চালিত বিদ্যুৎ কেন্দ্র	এইএফও	১০৫	এপ্রিল ২০১৯
৭	সিরাজগঞ্জ ৪০০ মেঃওঃ কন্সাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (৪র্থ ইউনিট) (যৌথ মালিকানা)	প্রাকৃতিক গ্যাস/এইচএসডি	৪১৪	সিম্পল সাইকেল: অক্টোবর ২০১৮ কন্সাইন্ড সাইকেল: এপ্রিল, ২০১৯
৮	পায়রা ১৩২০ মেঃওঃ তাপ বিদ্যুৎ কেন্দ্র (১ম পর্যায়) (যৌথ মালিকানা)	আমদানিকৃত কয়লা	১২৪৪	১ম ইউনিট: মে, ২০২০ ২য় ইউনিট: ডিসেম্বর, ২০২০
৯	সিরাজগঞ্জ ৬.৫৫ মেঃওঃ (এসি) গ্রীড কানেক্টেড ফটোভোল্টায়িক সোলার বিদ্যুৎ কেন্দ্র	---	৬.১৩	৩০ মার্চ ২০২১
বর্তমানে মোট নেট উৎপাদন ক্ষমতা			৩০৬৩.১৩ মেঃওঃ	


বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ

ক্র. নং	প্রকল্পের নাম	জ্বালানি	উৎপাদন ক্ষমতা (মেঃওঃ)	সম্ভাব্য বাণিজ্যিক উৎপাদনের তারিখ
১.	পায়রা ১৩২০ মেঃওঃ তাপ বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প (২য় পর্যায়) (যৌথ মালিকানা)	আমদানিকৃত কয়লা	১২৪৪	১ম ইউনিট: অক্টোবর ২০২৫ ৪র্থ ইউনিট: এপ্রিল ২০২৬
২.	রূপসা ৮০০ মেঃওঃ কন্সাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প	প্রাকৃতিক গ্যাস/এইচএসডি	৮৮০	১ম ইউনিট: অক্টোবর ২০২৩ ২য় ইউনিট: এপ্রিল ২০২৩
৩.	পাবনা ৬৪ মেঃওঃ সোলার পার্ক প্রকল্প (যৌথ মালিকানা)	--	৬৪.৫৫	ডিসেম্বর, ২০২৩
৪.	সিরাজগঞ্জ ৬৮ মেঃওঃ সোলার পার্ক প্রকল্প (যৌথ মালিকানা)	--	৬৮	ডিসেম্বর, ২০২৩
৫.	পায়রা ৫০ মেঃওঃ বায়ু বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প	--	৫০	ডিসেম্বর, ২০২৪
৬.	পায়রা এলএনজি টু পাওয়ার প্রকল্প (১ম পর্যায়)	এলএনজি	১২০০	জুন, ২০২৬
মোট ক্ষমতা			৩৫০৬.৬৬ মেঃওঃ	

ভবিষ্যৎ প্রকল্পসমূহ

ক্র. নং	প্রকল্পের নাম	জ্বালানি	উৎপাদন ক্ষমতা (মেগাওয়াট)	বাণিজ্যিক উৎপাদনের সম্ভাব্য তারিখ
১.	পায়রা এলএনজি টু পাওয়ার প্রকল্প (২য় পর্যায়)	এলএনজি	১২০০	ডিসেম্বর, ২০২৮
২.	পায়রা এলএনজি টু পাওয়ার প্রকল্প (৩য় পর্যায়)	এলএনজি	১২০০	ডিসেম্বর, ২০৩০
৩.	ভবিষ্যৎ নবায়নযোগ্য জ্বালানি ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প (এনডব্লিউপিজিসিএল ও যৌথ মালিকানাধীন কোম্পানি)	সোলার/উইন্ড	৫৩০.৩২	পরিকল্পনাধীন
মোট ক্ষমতা			২৯৩০.৩২	

এনডব্লিউপিজিসিএল এর বছর ভিত্তিক বিদ্যুৎ উৎপাদন লক্ষ্যমাত্রা



আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন

মাতৃভাষা মানুষের জীবনের অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। এ ভাষায় মানুষ কথা বলে, নিজের আবেগ অনুভূতি প্রকাশ করে। মায়ের ভাষায় কথা বলার অধিকার মানুষের সহজাত অধিকারসমূহের মধ্যে একটি। কিন্তু একসময় পাকিস্তানিরা আমাদের এ মাতৃভাষাকে কেড়ে নিতে চেয়েছে। উর্দুকে করতে চেয়েছে আমাদের রাষ্ট্রীয় ভাষা। এর প্রতিবাদে বাঙালি ছাত্রসমাজ ফুঁসে উঠেছিল। ১৯৫২ সালের ২১-এ ফেব্রুয়ারি মাতৃভাষার মর্যাদা রক্ষায় জীবন দিয়েছিল বরকত, সালাম, রফিক, শফিক, জস্কার এবং আরও অনেকে। তাদের সেই আত্মত্যাগের বিনিময়ে তৎকালীন শাসকগোষ্ঠী বাংলাকেই রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দিতে বাধ্য হয়। এ প্রেক্ষিতে, পরবর্তীতে একুশে ফেব্রুয়ারি ‘আন্তর্জাতিক মাতৃভাষা দিবস’ হিসেবে স্বীকৃতি লাভ করে। ২১ ফেব্রুয়ারী ২০২৩ তারিখে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড এর পক্ষ থেকে এ দিনটিকে যথাযোগ্য মর্যাদায় উদযাপন করা হয়।



সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্র



খুলনা ২২৫ মেঃওঃ কন্সাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র



ভেড়ামারা ৪৫০ মেঃওঃ কন্সাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র



মধুমতি ১০০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্র

ঐতিহাসিক ৭ই মার্চ উদযাপন

৭ই মার্চ বাঙালির জেগে ওঠার দিন। এ দিন লাখ লাখ মুক্তিকামী মানুষের উপস্থিতিতে তৎকালীন রেসকোর্স ময়দানে (বর্তমানে সোহরাওয়ার্দী উদ্যান) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঘোষণা করেন—‘রক্ত যখন দিয়েছি রক্ত আরো দেব, এ দেশের মানুষকে মুক্ত করে ছাড়ব ইনশাআল্লাহ। এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম।’ তাঁর এ বজ্রকণ্ঠ দাবানলের মতো ছড়িয়ে পড়ে সারা দেশে। এ ভাষণই বাঙালির ভবিষ্যত কর্মপন্থা ঠিক করে দেয়। বাঙালি এগিয়ে চলে স্বাধীনতার পথে।

৭ই মার্চের ভাষণ আর বাঙালির স্বাধীনতা ওতপ্রোতভাবে জড়িত। এই ঐতিহাসিক ঘোষণার মধ্যে যেমন দেশের স্বাধীনতার কথা ছিল, তেমনি ছিল বাঙালির মুক্তি ও অধিকার আদায়ের বাসনা। ঐতিহাসিক ৭ই মার্চ উপলক্ষে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন ও এর আওতাধীন বিদ্যুৎ কেন্দ্রসমূহের পক্ষ থেকে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন, বর্ণাঢ্য র্যালিতে অংশগ্রহণ, বিদ্যুৎ কেন্দ্রে জাতীয় পতাকা উত্তোলন এবং ব্যানার, ড্রপডাউন ব্যানার, ফেস্টুন ইত্যাদি প্রদর্শনের মাধ্যমে দিবসটি উদযাপিত হয়।



কর্পোরেট অফিস, এনডব্লিউপিজিসিএল এর পক্ষ থেকে বিদ্যুৎ ভবন, ঢাকায় পুষ্পস্তবক অর্পণ



সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্র



ঐতিহাসিক ৭ই মার্চ উপলক্ষে র্যালি



খুলনা ২২৫ মেঃওঃ কন্সাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র



ভেড়ামারা ৪১০ মেঃওঃ কন্সাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র



মধুমতি ১০০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্র

জাতির পিতার ১০৩-তম জন্মবার্ষিকী উদযাপন

গোপালগঞ্জের একটি গ্রাম টুঞ্জিপাড়া। এই গ্রামের কোল ঘেঁষে ঐকে-বেকে বয়ে গেছে মধুমতী নদী। ১৯২০ সালের ১৭ মার্চ বাঙালির হাজার বছরের ইতিহাসে সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর ওই গ্রামেই জন্মেছেন। মা-বাবা তাঁকে আদর করে ডাকতেন খোকা বলে। ছোট্ট সেই খোকা একদিন হয়ে উঠলেন বাঙালির সবচেয়ে বড় আশা-ভরসার প্রতীক। ক্রমেই তিনি খোকা থেকে হয়ে উঠলেন বঙ্গবন্ধু এবং জাতির পিতা, স্বাধীন সার্বভৌম বাংলাদেশের মহান স্থপতি। জাতির পিতার ১০৩-তম জন্মবার্ষিকীতে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড নিয়েছে নানান উদ্যোগ। এ দিন উপলক্ষে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয় ও দোয়ামাহফিল আয়োজন করা হয়।



কর্পোরেট অফিস, এনডব্লিউপিজিসিএল এর পক্ষ থেকে বিদ্যুৎ ভবন, ঢাকায় পুষ্পস্তবক অর্পণ



সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্র



সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্র এর পক্ষ থেকে দোয়া মাহফিল



খুলনা ২২৫ মেঃওঃ কন্সাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র



ভেড়ামারা ৪১০ মেঃওঃ কন্সাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র



মধুমতি ১০০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্র

মহান স্বাধীনতা দিবস ২০২৩ উদযাপন

একাত্তরের ২৫ মার্চ কালরাত্রিতে পাকিস্তানি হানাদার বাহিনী বাঙালিদের ওপর আচমকা গণহত্যা চালায়। যার নাম দেয় ‘অপারেশন সার্চলাইট’। গণহত্যা শুরুর পরপরই বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে হানাদার বাহিনী গ্রেফতার করে। গ্রেফতারের পূর্বে বঙ্গবন্ধু ২৬ মার্চ রাতের প্রথম প্রহরে ঢাকায় বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করেন। তিনি বাংলাদেশের স্বাধীনতা ঘোষণার পাশাপাশি যে কোনো মূল্যে শত্রুর বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তোলার নির্দেশনা দেন। মুহূর্তের মধ্যেই বঙ্গবন্ধুর এ ঘোষণা ওয়্যারলেসের মাধ্যমে দেশে-বিদেশে ছড়িয়ে দেয়া হয়। তাঁর এ ঘোষণায় উজ্জীবিত হয়ে সর্বাঙ্গিকভাবে বাঙালি পাকিস্তানি হানাদারদের বিরুদ্ধে যুদ্ধ শুরু করে। মহান স্বাধীনতা দিবস উপলক্ষে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন ও এর আওতাধীন বিদ্যুৎ কেন্দ্রসমূহের পক্ষ থেকে যথাযোগ্য মর্যাদায় দিবসটি উদযাপিত হয়।



সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্র



খুলনা ২২৫ মেঃওঃ কন্সাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র



ভেড়ামারা ৪১০ মেঃওঃ কন্সাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র



মধুমতি ১০০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্র

এনডব্লিউপিজিসিএল এর পরিচালনা পর্ষদের মাননীয় চেয়ারম্যান এবং সম্মানিত পরিচালকবৃন্দের পায়রা তাপ বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন


গত ০৩ ফেব্রুয়ারী ২০২৩ তারিখে মাননীয় বিদ্যুৎ সচিব মো. হাবিবুর রহমান ও চেয়ারম্যান নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (এনডব্লিউপিজিসিএল) এবং এনডব্লিউপিজিসিএল এর পরিচালনা পর্ষদের সম্মানিত পরিচালকবৃন্দ পায়রা তাপ বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন করে বিদ্যুৎ কেন্দ্রটির কার্যক্রম সরেজমিনে পর্যবেক্ষণ করেন। উল্লেখ্য, ২১ মার্চ ২০২২ তারিখে এনডব্লিউপিজিসিএল ও চীনের সরকারি প্রতিষ্ঠান CMC এর যৌথ বিনিয়োগে দেশের সর্বপ্রথম ও সর্ববৃহৎ আল্ট্রা-সুপারক্রিটিক্যাল প্রযুক্তির পরিবেশ-বান্ধব কয়লা-ভিত্তিক পায়রা ১৩২০ মেঃওঃ তাপ বিদ্যুৎ কেন্দ্রের ১ম পর্যায়টি মাননীয় প্রধানমন্ত্রী উদ্বোধন করেন। দক্ষতার সাথে দ্রুততম সময়ে ও ব্যয় সাশ্রয়ের মধ্য দিয়ে বাস্তবায়িত হওয়া পায়রা প্রকল্পটি বিভিন্ন পর্যায়ে সমাদৃত হয়েছে। এ সাফল্যের ধারাবাহিকতায় পায়রা ১৩২০ মেঃওঃ তাপ বিদ্যুৎ কেন্দ্রটির ২য় পর্যায়ের কাজও চলমান রয়েছে। আমরা আশা করি, এটি ২০২৫-২৬ সালের মধ্যেই বাণিজ্যিক উৎপাদন শুরু করবে।



নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (এনডব্লিউপিজিসিএল) এর পরিচালনা পর্ষদের মাননীয় চেয়ারম্যান এবং সম্মানিত পরিচালকবৃন্দ (পায়রা বিদ্যুৎ কেন্দ্রের ভিত্তি প্রস্তরের সামনে)

জানুয়ারী-২৩ থেকে মার্চ-২৩ পর্যন্ত সিরাজগঞ্জ ২২৫ মেঃ ওঃ কন্সাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের (ইউনিট-১) গুরুত্বপূর্ণ সংরক্ষণ কাজের তথ্যাদি ও স্থিরচিত্র


১। DM water-এর গুণগত মান বজায় রাখতে Floating Ball Blanket Therapy-এর প্রয়োগ।



চিত্র-১: FBB therapy প্রয়োগের পূর্বে ও পরে DM water-এর গুণগত মানের বিচ্যুতি

সিরাজগঞ্জ ২২৫ মেঃ ওঃ কন্সাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (ইউনিট-০১) বিগত ১৪/০৭/২০১৪ ইং হতে অদ্যবধি নিরবচ্ছিন্ন ভাবে জাতীয় গ্রীডে বিদ্যুৎ সরবরাহ করে আসছে। বিদ্যুৎ উৎপাদনে প্রতিনিয়ত বিপুল পরিমাণ DM water এর consumption হয়, যা সংশ্লিষ্ট ইউনিটের Water Treatment Plant উৎপাদন করে এবং জলাধারে সেটি সংরক্ষণ করে। সংরক্ষণকালে জলাধারে বায়ুমন্ডলের বিভিন্ন উপাদানের অনুপ্রবেশ ঘটে যা DM water এর গুণগত মানের বিচ্যুতি ঘটায়। এই নিম্নমানের DM water ব্যবহারের দরুন বিদ্যুৎ কেন্দ্রের বিভিন্ন গুরুত্বপূর্ণ যন্ত্রাংশ যথা; টার্বাইন, পাম্প, হিট এক্সচেঞ্জার ইত্যাদির অপূরণীয় ক্ষতির আশঙ্কা থাকে। উক্ত সমস্যা সমাধানে বিদ্যুৎ কেন্দ্রের যান্ত্রিক সংরক্ষণ বিভাগ Floating Ball Blanket Therapy-এর সুপারিশ করে এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সেটি বাস্তবায়ন করা হয়, যার ফলশ্রুতিতে DM Water এর গুণগত মানের বিচ্যুতির মাত্রা উল্লেখযোগ্য পরিমাণ কমানো সম্ভব হয়েছে।

- ২। Real time Compressor Health মনিটরিং ও Compressor Fouling হয়েছে কিনা তা নিরূপণ করার নিমিত্ত DCS-এ Function Block Diagram (FBD) ও HMI Mimic স্থাপন করা হয়েছে।



চিত্র-২: DCS-এ Compressor Efficiency monitoring System স্থাপন।

- ৩। ওভার ভোল্টেজ জনিত কারনে, Gas Turbine-এর Vent Valve এবং Blow-off Valve-এর সলিনয়েড পুড়ে যাওয়ার বিষয়টি আমলে এনে Preventive Maintenance কাজের অংশ হিসেবে Current Path এ সিরিজে Resistance সংযুক্ত করে ভোল্টেজ লেভেল ২৪৫ থেকে কমিয়ে ২২০ ভোল্ট এ অবনমন করা হয়।



চিত্র-৩: Vent valve এবং Blow-off valve-এর current path-এ সিরিজে resistance সংযুক্তকরণ।

- ৪। **Steam Turbine-এর Water Supply System** সংক্রান্ত ডাটাসমূহ **WTP Control Room** থেকে মনিটর, অপারেশন ও কন্ট্রোল করার সুযোগ না থাকায় বিদ্যমান সমস্যা সমাধানকল্পে ইনোভেশন কাজের অংশ হিসেবে **WTP Control Room-এ** একটি **HMI** স্থাপন করা হয়েছে।



চিত্র-৪: **Water Supply System** সংক্রান্ত ডাটাসমূহ **WTP** কন্ট্রোল রুম থেকে মনিটর, অপারেশন ও কন্ট্রোল করার ব্যবস্থাকরণ কাজের খন্ডচিত্র।

- ৫। **Gas Turbine Generator-এর Stator Winding-এর Health** মনিটর করার উদ্দেশ্যে **Generator-এর** টার্মিনালে **Partial Discharge Analyzer** স্থাপন করা হয়।



চিত্র-৫: **GTG-তে Partial Discharge Analyzer** স্থাপন।

গ্যাস কমিশনিং- খুলনা ২২৫ মেঃওঃ কন্সাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড এর আওতাধীন খুলনা ২২৫ মেঃওঃ কন্সাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রটির সিম্পল সাইকেলে (১৫০ মেঃওঃ) ২০১৩ সাল এবং কন্সাইন্ড সাইকেলে (২২৫ মেঃওঃ) ২০১৬ সাল থেকে NLDC এর চাহিদা মোতাবেক জাতীয় Grid-এ বিদ্যুৎ সরবরাহ করা আসছে। অত্র বিদ্যুৎ কেন্দ্রের গ্যাস টারবাইন ডুয়েল-ফুয়েল প্রযুক্তিতে নির্মিত, যার প্রাথমিক জ্বালানী প্রাকৃতিক গ্যাস ও বিকল্প জ্বালানী ডিজেল। তবে প্রকল্পের শুরুতে গ্যাস পাইপলাইন নির্মিত না হওয়ায় তরল জ্বালানী (HSD) ব্যবহার করে অত্র বিদ্যুৎ কেন্দ্রটি পরিচালিত হয়ে আসছে। অত্র এলাকায় প্রাকৃতিক গ্যাস সরবরাহ না থাকায় অত্র বিদ্যুৎ কেন্দ্রের Gas Commissioning সম্পাদন করা সম্ভব হয়নি। ইতিপূর্বে রূপসা ৮০০ মেঃওঃ কন্সাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র প্রকল্পের আওতায় গ্যাস পাইপলাইন স্থাপন করা হয়েছে এবং খুলনা ২২৫ মেঃওঃ কন্সাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের জন্য স্থাপিত RMS-টির Commissioning সম্পন্ন হয়েছে। যার ফলে খুলনা ২২৫ মেঃওঃ কন্সাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের RMS পর্যন্ত গ্যাস সরবরাহ নিশ্চিত হয়েছে। উল্লেখ্য, MAN Engineering Solution কর্তৃক গত ০১/০১/২০২৩ ইং তারিখে GBC Commissioning সফলভাবে সম্পন্ন হয়। অত্র বিদ্যুৎ কেন্দ্রের গ্যাস টারবাইন প্রস্তুতকারক প্রতিষ্ঠান ALSTOM (বর্তমানে GE) কর্তৃক গ্যাস টারবাইনটির Gas Commissioning সম্পাদনের লক্ষ্যে GE Cold Commissioning & Hot Commissioning গত ১৭/০৩/২০২৩ ইং তারিখে প্রাথমিকভাবে সম্পন্ন হয়।

উল্লেখ্য অত্র কোম্পানির প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) মহোদয় ইতিপূর্বে বিভিন্ন সময়ে অত্র বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন করেছেন এবং উপরোক্ত কাজের অগ্রগতির বিষয়ে সময়ে সময়ে বিভিন্ন দিক নির্দেশনা দিয়েছেন। সর্বশেষ গত ১৪/০৩/২০২৩ ইং তারিখে উক্ত Gas Commissioning কার্যক্রম পর্যবেক্ষণের লক্ষ্যে অত্র কোম্পানির প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) মহোদয় ও নির্বাহী পরিচালক (প্রকৌশল) মহোদয় খুলনা ২২৫ মেঃ ওঃ কন্সাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন করেন। গ্যাসের স্বল্পতা থাকায় গ্যাস কমিশনিং এর সময় বিভিন্ন অঞ্চলে লোড শেডিং হতে পারে মর্মে প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) মহোদয় আগে থেকেই NLDC এর সাথে যোগাযোগ রাখতে নির্দেশনা প্রদান করেন। GT Hot Commissioning এর শুরুর দিকে খুলনা প্রান্তে গ্যাসের অনিশ্চয়তা দেখা দেয়ায় পরবর্তীতে কোম্পানির সিইও মহোদয় বিদ্যুৎ সচিব, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড ও পেট্রোবাংলার চেয়ারম্যান মহোদয়ের সাথে সর্বাঙ্গিক যোগাযোগ করেন এবং এ বিষয়ে কোম্পানির নির্বাহী পরিচালক (প্রকৌশল) মহোদয় পেট্রোবাংলা ও উহার অধিনস্ত পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি ও সুন্দরবন গ্যাস কোম্পানির প্রতিনিধিদের সাথে অনবরত যোগাযোগ চালিয়ে যান। এছাড়া উক্ত প্লান্টের প্রধান প্রকৌশলী (প্ল্যান্ট ম্যানেজার) মহোদয় NLDC, DS Generation এবং সুন্দরবন গ্যাস কোম্পানি এর সাথে সর্বাঙ্গিক যোগাযোগ রাখেন। অবশেষে সকলের ঐকান্তিক প্রচেষ্টায় অত্র বিদ্যুৎ কেন্দ্রে চাহিদা মোতাবেক গ্যাস সরবরাহ নিশ্চিত হয়।





গ্যাস কমিশনিং এর কার্যক্রম

ভেড়ামারা ৪১০ মেঃওঃ কন্সাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের গুরুত্বপূর্ণ
সংরক্ষণ কাজের তথ্যাদি ও স্থিরচিত্র

১। STGSU Transformer এর Annual Maintenance কার্যক্রম এর অংশ হিসাবে উক্ত Transformer এর অভ্যন্তরীণ তেল Centrifuge করে Breakdown voltage (BDV) পূর্বের চেয়ে উন্নীত করা হয়। Transformer এর body পানি দিয়ে পরিষ্কার করা হয়। Transformer এর LV side এ বিদ্যমান oil leakage rectify করার জন্য rubber gasket পরিবর্তন করা হয়। Silica gel breather এর অভ্যন্তরীণ অংশ পরিষ্কার করা হয় এবং পুরাতন Silica gel নতুন Silica gel দ্বারা পরিবর্তন করা হয়।



২। ভেড়ামারা ৪১০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্রের প্রথম Major Inspection(MI) 2023 এ MELCO TA কর্তৃক Steam Turbine Generator (STG) এর Rotor Pull out করা হয় এবং Generator এর অভ্যন্তরীণ অংশসহ Rotor Check করা হয়। এ সময়ে Rotor এর বিভিন্ন অংশ High pressure air দিয়ে পরিষ্কার করা হয় এবং Cooler এর Leakage test ও Eddy Current test সহ Rotor এর Non-destructive Test (NDT) সম্পন্ন করা হয়।



৩। Unit Auxiliary Transformer(UAT) এর Annual Maintenance কার্যক্রম এর অংশ হিসাবে উক্ত Transformer এর body পানি দিয়ে পরিষ্কার করা হয়। Transformerটির Alarm ও Trip Circuit check করা হয়। On Load Tap Changer(OLTC) এর অভ্যন্তরীণ Gearbox পরিষ্কার করা হয় এবং Marshalling box এর অভ্যন্তরীণ relay ও magnetic contactor পরিষ্কার করা হয়।



৪। ভেড়ামারা ৪১০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্রের প্রথম Major Inspection(MI) 2023 এ MELCO TA কর্তৃক GAS Turbine Generator (GTG) এর Rotor Pull out করা হয় এবং Generator এর অভ্যন্তরীণ অংশ সহ Rotor Check করা হয়। এ সময়ে Rotor এর বিভিন্ন অংশ High pressure air দিয়ে পরিষ্কার করা হয় এবং Cooler এর Leakage test ও Eddy Current test সহ Rotor এর Non-destructive Test (NDT) করা হয়। এ সময়ে Customer End হতে Generator এর অভ্যন্তরীণ অংশ তড়িৎ সংরক্ষন বিভাগের নির্বাহী প্রকৌশলী পরিদর্শন করেন।



৫। গ্যাস টার্বাইনের HP Purge Air Compressor রুটিন Inspection।



ডুয়েল ফুয়েল গ্যাস টার্বাইন গ্যাস দ্বারা পরিচালনের ক্ষেত্রে গ্যাস টার্বাইনের Nozzle সমূহের ফুয়েল অয়েল লাইনসমূহ প্রতিনিয়ত উচ্চ পেশারের air দ্বারা sweeping- এর প্রয়োজনীয়তা রয়েছে। GT HP Purge Air Compressor সেই উচ্চ পেশারের air supply দেয়। এজন্য নিয়মিত ভিত্তিতে HP Purge Air Compressor-এর Parameters- যথা তাপমাত্রা, চাপ এবং বিভিন্ন ধাপে অর্জিত চাপসমূহ পর্যবেক্ষণ করা হয়।

৬। গ্যাস টার্বাইন জেনারেটর (GTG) এর Protection প্যানেল রিসেটকরণ।



জাতীয় গ্রিডে বিদ্যুৎ সরবরাহের পূর্বে গ্যাস টার্বাইন জেনারেটর গ্রিড ফ্রিকুয়েন্সি, ভোল্টেজ লেভেল ও ফেজ সিকুয়েন্স এর সহিত Synchronization-এর পূর্বে যেন Synchronization-এর সময় কোন ধরনের Faulty সিগন্যাল না থাকে সেজন্য জেনারেটরের Protection প্যানেল রিসেট প্রদান করা হয়। এই রিসেটিং প্রক্রিয়ার মাধ্যমে protection প্যানেলে কোন ধরনের Fault persisting থাকলে তা অনুধাবন করা যায়।

৭। সংরক্ষণ বিভাগের কাজের স্বার্থে বিভিন্ন Pump-এর Isolation প্রদান।



সংরক্ষণ বিভাগের বিভিন্ন পাম্প এবং মোটরের overhauling কাজের স্বার্থে পাম্প এবং মোটরসমূহ Isolation-এর প্রয়োজনীয়তা রয়েছে। সেইজন্য, ওয়ার্ক পারমিট ইস্যুকালীন সংরক্ষণ কাজের প্রারম্ভে Man এবং Machine উভয়ের নিরাপত্তার স্বার্থে পাম্প এবং মোটরের Supply Breaker বন্ধ করার মাধ্যমে Isolation প্রদান করা হয়।

৮। Cooling Water Forebay (CW Forebay) তে প্রতি ৮ (আট) ঘণ্টায় একবার করে Corrosion Inhibitor Dosing প্রদান।



গ্যাস টার্বাইন ও স্টিম টার্বাইনের বিভিন্ন Sub-system cooling এবং Condenser cooling এর জন্য নদী অথবা ভূগর্ভস্থ পানি ব্যবহৃত হয়। উক্ত পানির মধ্যে বিভিন্ন ধরনের corrosive উপাদান বিদ্যমান থাকে যা মেটালের corrosion ত্বরান্বিত করে। উক্ত corrosion প্রতিরোধের নিমিত্তে প্রতি ৮ (আট) ঘণ্টায় একবার করে Corrosion Inhibitor কুলিং টাওয়ার ফোরবে-তে dosing করা হয়। Dosing-কালীন সময়ে প্রয়োজনীয় নিরাপত্তা গ্রহণ করা হয়।

৯। HRSG (Heat Recovery Steam Generator) এর Parameters বজায় রাখার জন্য Periodic Intermittent Blowdown প্রদান।



HRSG-এর সিলিকা লেভেল ও pH এর মাত্রা বজায় রাখার জন্য প্রতিনিয়ত বিভিন্ন টেস্ট করা হয় এবং টেস্ট এর ফলাফলের ভিত্তিতে HP, IP এবং LP ড্রামসমূহে Intermittent Blowdown প্রদান করা হয়।

Major Inspection of Bheramara CCGP

The first Major Inspection of Gas Turbine (GT) & Steam Turbine (ST) of Bheramara 410 MW Combined Cycle Power Plant has been successfully completed on February-2023. The Manufacturer of the GT & ST is Mitsubishi Heavy Industries (MHI). The inspection was carried out under the Long-Term Service Agreement (LTSA) contract between North-West Power Generation Company Limited (NWPGL) & Marubeni Power System Corporation (MPSC) who is authorized representative of Mitsubishi Power Asia Pacific Pte. Ltd. This LTSA is a separate project financed by JICA.

General Specification of Main Equipment:

Specification	Gas Turbine	Steam Turbine
Model	M701F4	SRT-35.4-AX
Type	Single Shaft Turbine	Single Cylinder Condensing Reheat Turbine
Rated Power	287.80 MW @ ambient. Temp 35 °C	140.4 MW
Rated Speed	3000 rpm	3000 rpm

Inspection and Maintenance intervals:

Inspection Period (GT EOH)	Type of Inspection (GT)	Type of Inspection (ST)
1 st (12,000)	CI (Combustor Inspection)	N/A
2 nd (24,000)	TI (Turbine Inspection)	Valve Inspection
3 rd (36,000)	CI (Combustor Inspection)	N/A
4 th (48,000)	MI (Major Inspection)	MI (Major Inspection)
5 th (60,000)	CI (Combustor Inspection)	N/A

Milestones in planned inspection:

Activities	GT	ST
Unit Shutdown	Unit was stopped from 29th November 2022	
EOH of GT/ Running Hour of ST	50,844	32,408
Turning Stopped	10/01/2023	10/01/2023
Turning Started	18/02/2023	18/02/2023
Synchronized after Outage	19/02/2023	20/02/2023
Commissioning after Combustion Tuning	22/02/2023	21/02/2023

Key Activities on GT:

Inlet Section

- IGV dismantling after lifting of inlet casing, Magnetic Testing (MT) of IGV blades, blade angle adjustment after reinstallation
- Dye-Penetrant Test (DPT) and Ultrasonic Testing (UT) of Thrust bearing pad, pressure simulation test after re-assembling of bearing
- UT and DPT performed in number two journal bearing pad, liner and oil ring
- Coupling of GT and Generator after finishing major works

Compressor Section

- Visual Testing of compressor casing, Row 1,2 & 3 Blade ring after lifting up
DPT and MT performed in diaphragms/fixed vane after disassembling. One diaphragm section of 12th stage replaced due to wire cut mark.

Combustor Section

- Visual Testing comp-comb casing, torque tube cover & bypass valve after lifting up
- DPT of nozzles, transition piece, cross flame tubes
- Fuel Nozzles, Combustor Basket and Transition Pieces are replaced as hot parts

Turbine Section

- Visual Test of turbine casing, blade ring of stage 1, 2, 3 & 4 after lifting up
- DPT of Seal ring housing of stage 1, 2, 3 & 4
- Vane Segment and Ring Segments of all four (4) stages are replaced with new ones as hot parts

Rotor Section

- MT performed on compressor blades, discs & turbine blade root after rotor lifting up and cleaning.
- Cleaning of compressor blades, rotor balancing ports, rotor cooling holes,
- Blades of all four stages are replaced with new one as hot part.
- Rotor air baffle replaced as reliability enhancement items.
- Rotor installation after finishing of above-mentioned works.

Exhaust Section

- Visual Testing of exhaust cylinder, exhaust manifold and expansion joint.
- Ultrasonic testing and Dye Penetrant testing of number one journal bearing pad, liner and oil ring.

GT Auxiliary Section

- Overhauling of main lube oil pump A & B, emergency lube oil pump
- Replacement of control oil pump A
- Replacement of lube oil cooler – A (Plate Heat Exchanger)
- Lube oil and control oil flushing

Key Activities on ST:

Turning device section

- Turning device removal and lift up
- Visual inspection of gear teeth
- Cleaning and reinstallation of turning device

LP casing section

- LP casing lift up
- Visual and DPT inspection performed in welding joint sections
- LP casing installation

HIP casing section

- Gland seal ring removal
- HIP casing lifting up for NDT inspection
- Honing of diaphragm performed after removal from casing body
- Visual Test, MT & DPT performed in different sections of diaphragm
- Welding repair of micro crack observed in diaphragm during inspection

Rotor section

- Nozzle chamber lift up
- NDT inspection performed in dummy ring after lifting up
- Honing performed in Rotor after lifting up
- VT and MT inspection performed in rotor body, journal and thrust bearings and integral blade profile
- Rotor installation after clearance check
- Alignment check
- Gland seal ring installation
- Nozzle chamber installation
- Dummy ring installation

Valve section

- HPSV, HPCV, ICV & RSV valve lift up
- NDT inspection of main valves component
- Lapping of main valve seat and contact check
- Movement check & calibration after installation

Auxiliary Section

- Lube oil PHE-B replacement
- Lube oil flushing

Some Photographs of Major Inspection (MI)



Figure: Gas Turbine Rotor Lifting work



Figure: Steam Turbine Rotor Lifting work



Figure: GT Inlet Casing Turning Over Work



Figure: GT Turbine Casing Lifting Work



Figure: GT Compressor Casing Installation Work




Figure: GT Inlet Manifold Installation Work



Figure: GT Comp-Comb Casing Lifting Work



Figure: GT Exhaust Casing Installation Work



Figure: GT Air Inlet Duct installation



Figure: GT Turning Gear Transportation Work



Figure: ST HIP casing lifting work



Figure: ST HIP casing turning over work



Figure: GT Turbine casing placing at laydown area



Figure: Diaphragms removal from compressor casing



Figure: Magnetic Testing of Compressor Diaphragm



Figure: Ultrasonic Testing of GT Journal Bearing



Site Visit of CE (P&D) & PD (LTSA-Bheramara)



Group Photo Before GT Rotor Installation

এনডব্লিউপিজিসিএল ও বিসিপিসিএল-এর বার্ষিক বনভোজন

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (এনডব্লিউপিজিসিএল) ও বাংলাদেশ-চায়না পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ (বিসিপিসিএল) এর যৌথ উদ্যোগে কর্মকর্তা/কর্মচারীদের বিনোদন এবং কর্মকর্তা-কর্মচারী সবার মধ্যে সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক গড়ে তোলার নিমিত্ত গত ৩ মার্চ ২০২৩ ইং তারিখে ঢালী'স আন্ডার নিবাস, বাহেরকোছি, ইছাপুরা, সিরাজদিখান, মুন্সিগঞ্জ-এ বার্ষিক বনভোজন আয়োজন করা হয়। এনডব্লিউপিজিসিএল ও বিসিপিসিএল এর কর্মকর্তা-কর্মচারীদের জন্য বনভোজনের দিন ছিল নানান আয়োজন। ছিল খেলাধুলা, সাংস্কৃতিক অনুষ্ঠান এবং সুইমিংপুলে প্রাণ জুড়িয়ে সাতার কাটার ব্যবস্থা। সবচেয়ে বড় আকর্ষণ ছিল র‍্যাফেল ড্র অনুষ্ঠান। র‍্যাফেল ড্র-এর আকর্ষণীয় পুরস্কারগুলো ছিল- প্যালেস রিসোর্টে কাপল টুর, ৫৫ ইঞ্চি 4K স্মার্ট টেলিভিশন, ঢাকা-কক্সবাজার-ঢাকা কাপল এয়ার টিকেট, ওয়াশিং মেশিন। এ দিনটিকে সকলেই আনন্দমুখর পরিবেশে দারুণভাবে উপভোগ করে।

বনভোজনের কিছু আনন্দঘন মুহূর্ত



প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের বক্তব্য



মোরগ ফাইট



মিউজিক্যাল চেয়ার



সাংস্কৃতিক অনুষ্ঠান



শিশুদের মধ্যে উপহার বিতরণ



কর্মকর্তাদের মধ্যে উপহার বিতরণ



র্যাফেল ড'র পুরস্কার বিতরণ



র্যাফেল ড'র পুরস্কার বিতরণ

তথ্য অধিকার বিষয়ক কর্মশালা আয়োজন



তথ্য অধিকার আইনের কার্যকর লক্ষ্যমাত্রা অর্জন নির্ভর করে সকল অংশীদার নাগরিক, সরকার, তথ্য কমিশন ও প্রতিষ্ঠানগুলোর সক্রিয় ভূমিকা ও অংশগ্রহণের মাধ্যমে। এ আইন প্রয়োগের মাধ্যমে সরকার জনগণকে তথ্য চাইতে উৎসাহিত করে। তাই কী প্রক্রিয়ায় তথ্য চাইতে হয় সেজন্য সচেতনতা গড়ে তোলা অপরিহার্য।

পাশাপাশি আইনের বাস্তবায়নের ক্ষেত্রে সরকার, সুশীল সমাজ, বেসরকারি সংগঠন এবং গণমাধ্যমকে সমন্বিত উদ্যোগ নেওয়ার মধ্য দিয়ে এগিয়ে আসতে হবে। তথ্য অধিকার আইনের একটি শক্তিশালী বিধান হলো, সরকারি কর্তৃপক্ষগুলো সর্বোচ্চ পরিমাণ তথ্য জনসমক্ষে প্রকাশ করবে স্বতঃপ্রণোদিতভাবে। অর্থাৎ নাগরিক বা সাংবাদিকদের চাওয়ার অপেক্ষায় না থেকে সরকারি কর্তৃপক্ষগুলো নিজ নিজ দপ্তরের কাজকর্ম—সম্পর্কিত অধিকাংশ তথ্য নিজ নিজ ওয়েবসাইটে এবং অন্যান্য মাধ্যমে জনসমক্ষে প্রকাশ করবে এবং নাগরিকদের তরফ থেকে যেকোনো তথ্যের চাহিদা মেটানোর জন্য আন্তরিকভাবে প্রস্তুত থাকবে; জনগণের প্রশ্নের উত্তর দিতে অস্বীকৃতি জানাবে না; বরং প্রশ্নের উত্তরের পাশাপাশি আনুষঙ্গিক আরও তথ্য-উপাত্ত সরবরাহ করবে। সকল পর্যায়ে মানুষের মধ্যে তথ্য অধিকার আইনের মর্মকথা সঠিকভাবে উপলব্ধির নিমিত্ত তথ্য অধিকার বিষয়ক বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী সরকারের লক্ষ্য হলো তথ্যের মালিক যে জনগণ তা নিশ্চিত করা এবং

তথ্য গোপন রাখার অধিকার যে সরকারের কোনো কর্তৃপক্ষের নেই, এ বিষয় সচেতনতা তৈরি করা। এ প্রেক্ষিতে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড জনগণের নিকট তথ্য সরবরাহে বদ্ধ পরিকর এবং তথ্য যে মানুষের অধিকার সে বিষয়ে জনচেতনতা সৃষ্টির লক্ষ্যে কর্মশালা আয়োজন করা হয়।

কোম্পানির ২০২২-২৩ অর্থ বছরের এপিএ লক্ষ্যমাত্রা অনুযায়ী কোম্পানির তথ্য অধিকার বিষয়ক বার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়নের দায়িত্ব কোম্পানি সচিবালয়ের ওপর ন্যস্ত রয়েছে। এ প্রেক্ষিতে, কোম্পানি সচিবালয়ের বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী তথ্য অধিকার আইন, ২০০৯ অনুসারে তথ্য সরবরাহের বাধ্যবাধকতা বিষয়ে অবহিত করণ এবং জনসাধারণের তথ্য পাওয়ার অধিকারের বিষয়ে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে কোম্পানি সচিবালয় কর্তৃক স্টেকহোল্ডার ও নানান স্তরের কর্মকর্তাবৃন্দের জন্য গত ১৫ মার্চ ২০২৩ তারিখে একটি কর্মশালার আয়োজন করা হয়। উক্ত কর্মশালায় তথ্য অধিকার আইন অনুসারে তথ্য প্রদানের ক্ষেত্রে প্রতিষ্ঠানসমূহের দায়িত্ব ও কর্তব্য সমূহ সকলের সামনে তুলে ধরা হয়। এ কর্মশালায় কোম্পানির নানান স্তরের কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন। উল্লেখ্য, বিদ্যুৎ কেন্দ্রের কর্মকর্তাগণ অনলাইন ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে আলোচ্য কর্মশালায় অংশগ্রহণ করেন।

বিসিআরইসিএল এর পিপিএ ও আইএ স্বাক্ষর

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (নওপাজেকো) এবং চায়না ন্যাশনাল মেশিনারি ইম্পোর্ট এন্ড এক্সপোর্ট করপোরেশন (সিএমসি, চায়না) এর যৌথ মালিকানাধীন বাংলাদেশ-চায়না রিনিউয়েবল এনার্জি কোম্পানি (প্রাঃ) লিমিটেড (বিসিআরইসিএল) - এর আওতায় বাস্তবায়নাধীন সিরাজগঞ্জ ৬৮ মেঃওঃ সোলার পার্ক প্রকল্পের পাওয়ার পারচেজ এগ্রিমেন্ট (পিপিএ) এবং ইমপ্লিমেন্টেশন এগ্রিমেন্ট (আইএ) স্বাক্ষর অনুষ্ঠান গত ০৯ জানুয়ারি ২০২৩ তারিখ দুপুর ১২ টায় মুক্তি হল, লেভেল-১৪, বিদ্যুৎ ভবন, ১ আব্দুল গণি রোড, ঢাকায় অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব মোঃ হাবিবুর রহমান, মাননীয় সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়। বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব নসরুল হামিদ, এম,পি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এছাড়াও বিশেষ অতিথি হিসেবে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জনাব মুনীরা সুলতানা, এনডিসি, চেয়ারম্যান (গ্রেড-১), টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা), জনাব মোঃ মাহবুবুর রহমান, চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এবং জনাব গোলাম কিবরিয়া, ব্যবস্থাপনা পরিচালক, পিজিসিবি। জনাব এ. এম. খোরশেদুল আলম, প্রধান নির্বাহী কর্মকর্তা, নওপাজেকো এবং ব্যবস্থাপনা পরিচালক, বিসিআরইসিএল অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন।

জীবাশ্ম জ্বালানির উপর নির্ভরতা কমিয়ে টেকসই ও নবায়নযোগ্য জ্বালানিভিত্তিক বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধির জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের পথে গর্বিত অংশীদার হিসেবে মোট ৫০০ মেঃওঃ নবায়নযোগ্য জ্বালানিভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের লক্ষ্যমাত্রা নিয়ে গত ০১ সেপ্টেম্বর ২০২০ তারিখ থেকে বিসিআরইসিএল যাত্রা শুরু করে। সিরাজগঞ্জ ৬৮ মেঃওঃ সোলার পার্ক প্রকল্পটি বিসিআরইসিএল - এর আওতাধীন প্রথম বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প। গত ২৪ ফেব্রুয়ারি ২০২২ তারিখে বিসিআরইসিএল এবং কনসোর্টিয়াম অব প্যারিওশেন-ফেডি-সিনোহাইড্রো, চায়না'র মধ্যে এই প্রকল্পের ইপিসি চুক্তি স্বাক্ষরিত হয়। ইতোমধ্যে প্রকল্প বাস্তবায়নের কাজ শুরু হয়েছে। বিসিআরইসিএল - এর আওতায় পাবনা ৬৪ মেঃওঃ সোলার পার্ক প্রকল্পের পিপিএ ও আইএ শীঘ্রই স্বাক্ষরিত হবে। এছাড়াও, বিসিআরইসিএল - এর আওতায় পায়রা ৫০ মেঃওঃ বায়ু বিদ্যুৎ কেন্দ্র প্রকল্পসহ আরও বেশ কয়েকটি নবায়নযোগ্য জ্বালানিভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প বাস্তবায়নাধীন ও পরিকল্পনাধীন রয়েছে।



ইমপ্লিমেন্টেশন এগ্রিমেন্ট (আইএ)



পাওয়ার পারচেজ এগ্রিমেন্ট (পিপিএ)

কবিতা

১৪ই সাবান - শবেবরাত

আজ খুশির বরাত নিয়ে এলো শবেবরাত
 খোদার রাহে করবো এবাদত জেগে সারারাত।
 নফল এবাদত করবো সবাই খোদার নামের জিকির,
 কোরআন তেলাওয়াত করবো সবাই নিয়ে খোদার ফিকির।
 তওবা করছি খোদা আমি, আমার আছে যত পাপ,
 নিজ গুনে খোদা তুমি করিও আমার সব গুনাহ মাফ।
 নফল রোজা আদায় করবো খুশি করতে খোদা তোমাকে,
 তুমি যেন ক্ষমা করে দেও খোদা, দীনহীন এই অধম নাদান আমাকে।
 ক্ষমা চাই খোদা তোমার কাছে আমার আছে যত গুনাহ,
 নিজ গুনে খোদা করিও ক্ষমা, চাই তোমার যত করুণা।
 আমি অধম নাদান কালাম করছি খোদা
 তোমার দরবারে দুহাত তুলে করজোরে মিনতি,
 আমার জীবনের সকল প্রকার গুনাখাতা ক্ষমা করে দিয়ে শেষ
 বিচারের দিনে তুমি আমায় করিও খোদা তোমার শ্রেষ্ঠ জান্নাতি।

মা নাই গৃহে তাই

মা নাই গৃহে তাই গৃহ মোর
 বড্ড ভীষণ ফাঁকা লাগে,
 মায়ের মত যায় না কারো
 এই দুনিয়াই দেখা
 তাই মনে জাগে ব্যথা।

যেদিন গেল মা মোদের এই
 মায়ার ভব সংসার ছেড়ে
 সেদিন থেকেই মায়ের অভাব
 মোদের তিলে তিলে মনে পড়ে।

মা যে আর আসবে না বলবে নাকো
 কভু বাবা আমার জন্য পান সুপারি আনিস,
 আমার ঔষধ পথ্য নাই বলে
 আর করবে না কোন নালিশ।

বলবে নাকো কভু ব্যথার জন্য শুয়ে
 আছি আমি বাবা কাজগুলো সব করিস,
 খাবার পানি নাইকো বাবা কলস ভরে আনিস।
 মায়ের মত নাম ধরে আজ এ সংসারে
 ডাকে না আমায় আর কেহ,

মায়ের কথা মনে হলে আমার ফেটে
যায় আজ হৃদয় আত্মা দেহ।

মায়ের হাজারো সুখ দুঃখের
স্মৃতি আমায় রাখে ঘিরে,
হাজার কেঁদে বুক ফাটালেও মা
আমার এই দুনিয়ায় আসবে না আর ফিরে।

দোয়া করি মা তোমার জন্য ঐ মহান
আল্লাহর দরবারে মিনতি করে,
তোমায় যেন সযত্নে রাখেন আল্লাহ
তার সুখের জান্নাত ঘরে।

আমি অধম নাদান কালাম দুহাত তুলে করছি
আল্লাহ তোমার দরবারে করজোরে মিনতি,
আমার মাকে তুমি করিও আল্লাহ তোমার
শ্রেষ্ঠ জান্নাতি।

পি সি মোঃ আবুল কালাম আজাদ
ক্যাম্প ইনচার্জ
সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্র আনসার ক্যাম্প
সয়দাবাদ, সিরাজগঞ্জ সদর সিরাজগঞ্জ ।